উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

## বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে নিম্নেস্বাক্ষরকারী- এর সভাপতিত্বে নভেম্বর/২০২৪ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সভায় সকল সন্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রসঙ্গে আলোচনা।
০৪। বিবিধ।

২১/১১/২৪
(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০৪
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪- ৯৬৪

তারিখঃ ০৬ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৩। ..........................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। অফিস কপি।

২১/১১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০৪
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদ নভেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মৌসুমী হক
প্রশাসক, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ
সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্ত |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় এ বছর আলুর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৬৭০০ হেক্টর। ইতিমধ্যে ৪৭৬০ হেক্টর জমিতে আলু রোপন হয়েছে। গত ১৯ নভেম্বর/২০২৪ ইং তারিখ হতে এ উপজেলায় আলু উত্তোলন শুরু হয়েছে। কৃষকরা জমি থেকে পাইকারী ৮০-৯০ টাকা কেজি করে বিক্রয় করছে। এ বছর আলুর বাজার দর ভাল পাওয়ায় আলুর আবাদ বাড়বে বলে মনে করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজে কৃষি অফিস |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। অত্র উপজেলায় ইদানিং ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাই ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সতর্ক ও সচেতন হওয়ার জন্য আহবান করা হইল। শতের আগমনের সাথে সাথে জ্বর,সর্দি, কাশি সহ ফ্লু জাতীয় রোগের প্রার্দুভাব বৃদ্ধি পাচ্ছে। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজে ও পঃ অফিসা সংশ্লিষ্ট |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ০৫ নভেম্বর ২০২৪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায় , স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৯৬.২৩-১১৭ পত্র মোতাবেক উপজেলা প্রকৌশল অফিস প্রাক্কলন প্রস্তুত করেছে প্রকল্পসমূহ উপজেলার প্রশাসনিক ভবনসহ বিভিন্ন অফিস মেরামত , উপজেলা হলরুম মেরামত, উপজেলা হলরুমের বরান্দা মেরামত, উপজেলা হলরুমের আসবারপত্র মেরামত ও ক্রয়, গেজেটেড কোয়াটার ০২ নং বাসার নীচ তলা মেরামত, গেজেটেড কোয়াটার ০২ নং বাসার ১ম তলা মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেট ও গেজেটেড কোয়াটারের গেট মেরামত জরুরি ভিত্তিতে বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরের ০৭ (সাত) টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণলায় বরাবর ব্যয় নির্বাহের জন্য চাহিত অর্থ বরাদ্দের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ক) উ প্রকৌ সংশ্লি সকল |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের এর সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। নভেম্বর মাসে ০২ ব্যাচ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। দেশী মাসের চাষ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া খামারীদের পরামর্শ প্রদান অব্যাহত রাখা হয়েছে। এবং বিল নার্সারি স্থাপনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। ইতিমধ্যে বিল নার্সারির জন্য জলাশয় সিলেক্ট করা হয়েছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজে মৎস্য কর্মক |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, দাখিল পর্যায়ে ১ম শ্রেনি হতে ১০ম শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষা চলছে। নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায় বার্ষিক পরীক্ষা আগামী ২৮/১১/২০২৪ তারিখ হতে শুরু হবে। শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক শিক্ষা জরিপ/২৪ সুষ্ঠূভাবে সম্পন্ন হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল মাধমিক অফিস সংশ্লিষ্ট |
| ০৬ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, অনলাইন জরিপের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য চিকিৎসকের মাধ্যমে প্রতিবন্ধি সনাক্তকরণ করে তাদের ভাতার অনলাইন নিশ্চিত করা হয়েছে এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান করা হয়েছে । উপকারভোগীদের ভাতার পে-রোল প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজে সমাজ ও সং সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রাসরণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ৪৫.৯১%, হিমায়িত সিমেন দ্বারা ৪১.৭৯%, গবাদি পশুর (সংখ্যা) ১৭৭.৯১%, হাঁস মুরগী (সংখ্যা) ২৭.২৯%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ৩৯.৩৮% ,হাঁস মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) ৪১.০২% খামারী প্রশিক্ষণ প্রদান ৪৫.১৬%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ৪০.৯১%, উঠান বৈঠক ৪৪.৬৪% ছাড়াও অত্র অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | প্রাণী স অফিসা সংশ্লিষ্ট |
| ০৮ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়ি সুখী- ৪৪ চক্র, খাবার বড়ি আপন ৪৯৩ চক্র, কনডম ৫০৩৮ পিস, ইনজেকটেবলস ৩৪৪ (ভয়াল),ইমপ্ল্যান্ট ১৬২ জন, আইইউডি ১৩ জন, সক্ষম দম্পতি ৫৪,৯৫৮ মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩,৫৯৫ জন, মোট গভবর্তী ১৭৩৮ জন, গভবর্তী সেবা প্রদান ৮৪৬ জন, নরমাল ডেলিভারী ১৬২ জন, সিজারিয়ান ৭৫ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৭৩ জন, শিশু সেবা ৭২৩ জন, কিশোর-কিশোরীর বয়োসন্ধিকালীন সেবা ৪৮০ জন ও সাধারণ রোগীর সেবা ২৩৯৯ জন কে প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল পরিবার পরিকল্প কর্মকর্ত সংশ্লিষ্ট সকল |
| ০৯ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৪টি ব্যাচ ৩০ জন করে প্রশিক্ষণ প্রদান করা হয় । যুব ঋণকর্মসূচী চলমান আছে। অত্র উপজেলায় গত ১ নভেম্বর/২০২৪ জাতীয় যুব দিবস উৎযাপিত হয়েছে । অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেল উন্নয়ন কর্মকর্তা |
| ১০ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, শারদীয় দুর্গা পুজায় আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা ৭৩৮ জন দায়িত্ব পালন করেছেন অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে তাদের ভাতা সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। আনসার ও ভিডিপি কার্যালয় জাতীয় সংসদ নির্বাচন, স্থানীয় সরকার নির্বাচনসহ বিভিন্ন জাতীয় ইস্যুতে আইন-শৃঙ্খলা রক্ষার্থে দায়িত্ব পালন করে। অত্র উপজেলায় নিজস্ব ভবন না থাকায় কার্যক্রম পরিচালনায় নানাবিধ সমস্যা হচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি অফিসের নিজস্ব ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের অব্যবহৃত ১৫ (পনের) শতক জমি বরাদ্দের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি নিজস্ব ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে অব্যবহৃত ১৫ (পনের) শতক জমি উপজেলা আনসার ও ভিডিপি নিজস্ব ভবন নির্মাণের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। সিদ্ধান্তটি অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ভিডিপি অফিসার ও সংশ্লিষ্ট স |
| ১১ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের অর্থ সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রেখেছে। গত ০২ নভেম্বর ২০২৪ "জাতীয় সমবায় দিবস" যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উৎযাপন হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতিমাসে প্রতি ইউনিয়নে ০৯ জন করে উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গিয়েছে। ভি প্রতিমাসে ২০-২৫ তারিখের মধ্যে রেজুলেশনসহ ০৯ জনের তালিকা চেয়ারম্যান মহোদয় গণ উপজেলা কমিটির নিকট দাখিল করবেন। ভি ডব্লিউ বি খাদ্য কার্যক্রম অনলাইন আগামী মাস হতে শুরু হবে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সবক |
| ১৩ | পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নভেম্বর/২৪ মাসে বিভিন্ন প্রকল্প ঋণ কর্মসূচীর আওতায় ঋণ আদায় বিতরন কার্যক্রম চলমান রয়েছে আদায় ১২ লক্ষ টাকা। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্ত ও সংশ্লিস্ট সকল। |
| ১৪ | খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, আমন সংগ্রহ ২০২৪-২৫ মৌসুমে এ ১৭ নভেম্বর/২৪ হতে ২৮ ফেব্রয়ারী/২৫ পর্যন্ত "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে কিশোরগঞ্জ উপজেলায় ৯৯৭ মেঃটন ধান ক্রয় করা হবে। এ লক্ষ্যে কিশোরগঞ্জ উপজেলায় কৃষকদের নিবন্ধন/ধান বিক্রয়ের আবেদন কার্যক্রম চলমান আছে। কৃষকের নিকট হতে দ্রুত স সহজে ধান সংগ্রহ করার জন্য "কৃষকের অ্যাপ" বাস্তবায়নে কোন লটারী সিস্টেম রাখা হয়নি। কোন কৃষক নিবন্ধন বা ধান বিক্রয়ের আবেদন করলে এবং উপজেলা কৃষি কর্মকর্তার অনুমোদনের পর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাদ্দ আদেশ জারি করবে। বরাদ্দ আদেশ প্রাপ্তির পর কৃষক খাদ্য গুদামে ধান বিক্রি করতে পারবেন। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের প্রতিনিধি সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবারহ" প্রকল্পের আওতায় ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানির উৎস স্থাপন কাজের ১৫ পানির উৎসের বোরিং কাজ করে পানি পরীক্ষার জন্য আঞ্চলিক পানি পরীক্ষাগার, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ও সংশ্লিস্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রংপুর এ প্রেরণ করা হয়েছে। জিপিএস-১,এনএনজিপিএস-১ ও পিইডিপি-৪ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১২ টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ চলমান আছে এবং ১০৪ টি বিদ্যালয়ের জরিপ করে পিডি অফিসে প্রেরণ করা হয়েছে ওয়াশব্লকের জন্য অনুমোদন করতে। | | |
| ১৬ | পরিসংখ্যান অফিস | উপজেলা সহকারী পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১০-২৬ ডিসেম্বর/২০২৪ সময়ে অনুষ্ঠিত হহে যাচ্ছে দেশের ৪র্থ অনৈতিক শুমারি যেখানে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের বিস্তারিত তথ্য সংগ্রহ করা হবে। উপজেলার সকল কার্যালয়ের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। অত্র উপজেলায় মিআইসিএস-সেভেন ও এইচএমএসএস জরিপ চলমান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিস অফিস সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | তথ্য কেন্দ্র অফিস | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, এইচভিপি টিকা (অর্থ্যাৎ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধ টিকা) সম্পর্কে ফেসবুক এবং উপজেলা প্রশাসনের ফেসবুকের মাধ্যমে ব্যাপক প্রচার বিষয়ে আলোচনা করেন। কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল পরিসংখ্ অফিস ও সংশ্লিস্ট |
| ১৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে চা-বাগানের ভিতরে অবস্থিত ০১ (এক) টি অরক্ষিত ঘর রয়েছে, নিরাপত্তার স্বার্থে ঘরটি অপসরণ করা প্রয়োজন। পুটিমারী ইউনিয়ন চেয়ারম্যান জানান যে, ২নং পুটিমারী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি পরিত্যক্ত অবস্থায় রয়েছে ভবনটি কনডেমনেশন করার প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় জুলাই/২৪ ও আগস্ট/২৪ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। | ১। উপজেলা পরিষদের অভ্যন্তরে চা-বাগানের ঘরটি অপসরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২। পুটিমারী ইউনিয়ন পরিষদের ভবনটি কনডেমনেশন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। ৩। সাবেক উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এর ভ্রমণ বিল বিধি মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ১১,২৫০/-( এগারো হাজার দুইশত পঞ্চাশ) টাকা, কোয়াটারের ২নং বাসার ছাদ মেরামত করণ- ৪৫৪০/-( চার হাজার পাঁচশত চল্লিশ) টাকা। লতা পাইপ ক্রয় ২২৩০/-(দুই হাজার দুইশত ত্রিশ) টাকা। টাকা। উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের জানালা,ওয়াশরুম মেরামত করন ব্যয় ৫৯৫০/- (পাঁচ হাজার নয়শত পঞ্চাশ) টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৭/১১/২৪
(মৌসুমী হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪-৯৮৫ তারিখঃ ২৭/১১/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপজেলা ........................................... কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। চেয়ারম্যান ........................................... (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

২৭/১১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখঃ ২৫/১১/২০২৪ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | ২৫/১১/২৪ | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | ২৫/১১/২৪ | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | Rahman 25.11.2024 | | |